মানবিক পুলিশ

দুরন্ত বার্তা, আসানসোল, ২০ মে ঃ করোনাকালে আরও মানবিকতার পরিচয় দিলেন আসানসোল-দুর্গাপুর রূপনারায়ণপুরের পুলিশ ফাঁড়ির ইনচার্জ প্রসেনজিৎ রায়। বৃহস্পতিবার তিনি রূপনারায়ানপুরের কেন্দুয়াডিহি মোড় সংলগ্ন এলাকায় এক দম্পতির বাড়িতে চাল, ডাল, তেল, নুন, আটা, সাবান ও তেল সহ প্রয়োজনীয় খাদ্যসামগ্রী নিয়ে হাজির হন। জানা গিয়েছে, ওই দম্পতি করোনা আক্রান্ত হয়েছেন। করোনা আক্রান্ত হওয়ার পর খাদ্য সংকটে পড়েছিলেন ওই দম্পতি। কি করববেন বুঝে উঠতে না পেরে যোগাযোগ করেন রূপনারায়ানপুর ফাঁড়ির সিভিক ভলান্টিয়ার বিকাশ বাদ্যকরের সঙ্গে। ফোন মাধ্যমে ওই দম্পতি তাঁদের সমস্যার কথা জানান। দম্পতির সমস্যার কথা জানতে পেরে ফাঁড়ির ইনচার্জের সঙ্গে যোগাযোগ করেন সিভিক ভলান্টিয়ার। এরপর সময় নষ্ট না করে বৃহস্পতিবার সাতসকালে ব্যাগ ভর্তি খাদ্য সামগ্রী নিয়ে ওই দম্পতির বাড়িতে হাজির হন ফাঁড়ি ইনচার্জ প্রসেনজিৎ রায়। দম্পতির হাতে খাদ্য সামগ্রী তুলে দেওয়ার পাশাপাশি তাঁদের আশ্বস্ত করে জানান, আগামীতেও কোনও প্রয়োজন হলে ফোন করবেন। এদিকে, ব্যাগ ভর্তি খাদ্য সামগ্রী হাতে বাড়ির দরজায় পুলিশ অফিসারকে দেখে আপ্লুত করোনা আক্রান্ত ওই দম্পতি। প্রসঙ্গত, এদিনই প্রসেনজিৎ রায়কে রূপনারায়নপুর পুলিশ ফাঁড়ি থেকে হিরাপুর থানার ওসি পদে বদলি করা হয়েছে।

কারখানায় আগুন

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২০ মে ঃ বড়জোড়ায় ঘুটগোড়িয়া শিল্পতালুকের একটি স্পঞ্জ আয়রন কারখানায় লাগল ভয়াবহ আগুন। ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় বৃহস্পতিবার দুপুরে বড়জোড়া এলাকাজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে পৌঁছে দমকল বাহিনী আগুন নেভানোর কাজ শুরু করে। বিডি গয়েল নামক কারখানায় শটসার্কিটের কারনের আগুন লাগে বলে দমকল সূত্রে জানা যায়। প্রথমে ট্রান্সফরমিটারে অগ্নিকাণ্ড ঘটে এবং পরে সেটি ফেটে তার মধ্য থাকা তেলে ছিটিয়ে ভয়াবহ অগ্নিকাণ্ড চারিদিকে ছড়ায়। কারখানায় এই অগ্নিকাণ্ডের জেরে পুরো ইলেকট্রিক রুম পুড়ে ভস্মীভূত হয়ে যায়।

ছুরিকাঘাতে মৃত্যু

দুরন্ত বার্তা, নানুর, ২০ মে ঃ এক গৃহবধু খুনের জেরে চাঞ্চল্য ছড়ালো নানুরে। মৃতার স্বামীর সন্দেহ, অবৈধ সম্পর্কের জেরে এই খুন। বছর ছাব্বিশের মৃত গৃহবধুর নাম রেবিনা বিবি। বাড়ি নানুর থানার আগরতোর গ্রাম। মৃতার স্বামী মহিরুদ্দিন সেখ জানান, বুধবার রাত বারোটা নাগাদ তাঁর স্ত্রী গ্রামের বাঁশ বাগানে যান। সেখান থেকে ছুরিবিদ্ধ অবস্থায় বাড়ি ফেরেন। স্থানীয় সিয়ান হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। তাঁর সন্দেহ, গ্রামের এক যুবকের সাথে তাঁর অবৈধ সম্পর্কের জেরেই এই মৃত্যু। মৃতার এক ছেলে ও এক মেয়ে আছে। ঘটনার তদন্তে নানুর থানার পুলিশ।

মানুষের ভালোবাসার টানে ত্রাণ হাতে আসানসোলে সায়নী ঘোষ

দুরন্ত বার্তা, আসানসোল, ২০ মে ঃ সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনে তিনি ছিলেন নজরকাড়া মুখ। শুধু তারকা বলে নয়, তাঁর আচমকা তৃণমূলে যোগদান থেকে প্রার্থী হওয়া সবটাই নজর কেড়েছিল। বাড়ির মেয়ের মতো দুয়ারে দুয়ারে প্রচার সেরেছিলেন আসানসোল দক্ষিণের তৃণমূল প্রার্থী সায়নী ঘোষ। নির্বাচনে জয়লাভ না করতে পারলেও নিজের কেন্দ্রকে ভুলে যাননি তিনি। রাজ্যে করোনা সংক্রমণ রুখতে লকডাউন জারি হওয়ার পরেই দুঃস্থ মানুষদের কথা ভেবে ত্রাণ নিয়ে আসানসোল দক্ষিণে হাজির হলেন সায়নী। বৃহস্পতিবার তৃণমূলের তারকা নেত্রী আর্থিকভাবে পিছিয়ে থাকা মানুষদের খাদ্যসামগ্রী, মাস্ক, স্যানিটাইজার দেন। ছোটদের হাতে তুলে দেন চকোলেট আর রঙিন ছাতা। তবে করোনা আবহে সকলকেই বলেন দূরত্ববিধি বজায় রাখতে। এদিন সায়নী বলেন, ভোটে হারা-জেতাটা বড় কথা নয়। আসানসোলের মানুষ আমায় ভালবেসেছেন। আমিও ওঁদের সঙ্গে এক হতে পেরেছি। সেই টানেই আমি এসেছি। অন্যদিকে, আসানসোল দক্ষিণের বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল করোনা আক্রান্ত। সেই প্রসঙ্গে সায়নী বলেন, এলাকার বিধায়ক দীর্ঘদিন অসুস্থ থাকলে সেই এলাকার জন্য সুখকর নয়। উনি তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠুন। এই কামনা করি। প্রসঙ্গত, ভোট আবহে সায়নীর বিরুদ্ধে বিস্ফোরক মন্তব্য করে অগ্নিমিত্রা বলেছিলেন, নির্বাচনে হেরে গিয়ে সায়নী কন্ডোমের দোকান দেবেন। পাল্টা সায়নী বলেছিলেন, এই কথা বলে আসলে নিজের বংশপরিচয়, বেড়ে ওঠাটাই চিনিয়ে দিলেন। বুঝিয়ে দিলেন কতটা নিম্নরুচি তাঁর। তারপর ভোটপর্ব মিটেছে। সায়নীর বিরুদ্ধে প্রায় ৫ হাজার ভোটের ব্যবধানে শেষ হাসিটা হেসেছেন অগ্নিমিত্রাই। তারপর ফের একবার আসানসোলের মাটিতে পা রেখেছেন সায়নী। ঘাসফুলের দলীয় সূত্রে যদিও খবর, শীঘ্রই তৃণমূলের রাজ্য কমিটিতে জায়গা পেতে চলেছেন সায়নী। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, ভোটপর্বের পরে আর বিশেষ অ্যাক্টিভ ফর্মে দেখা যায়নি তারকা প্রার্থীদের। যশ দাশগুপ্ত, তনুশ্রী চক্রবর্তী, পাপিয়া অধিকারীর মতো বিজেপি তারকা প্রার্থীদের আর দেখাই যায়নি জনগণের পাশে। এমনকী, বিজয়ী তৃণমূল বিধায়ক কাঞ্চন মল্লিক বা রাজ চক্রবর্তীও করোনা আবহে ঘরবন্দী। অধিকাংশের দাবি, কোভিড পরিস্থিতিতে ফোনকলেই এলাকার খবরাখবর রাখছেন তাঁরা। সেখানে, পরাজয়ের পরেও সায়নীর এইভাবে সামনে এগিয়ে আসা পরবর্তী লোকসভা নির্বাচনে তৃণমূলের পক্ষে এখন থেকেই জমি তৈরির প্রস্তুতি হতে পারে এমনকী, করোনাক্রান্ত অগ্নিমিত্রার অনুপস্থিতি সায়নী তথা তৃণমূলের পথ প্রশস্ত করতে পারে এমনটাই মনে করছেন বিশ্লেষকদের অন্যদিকে। পাশাপাশি, দলের তরফে এলাকাবাসীর কাছে সায়নীর ব্যক্তিগত ইমেজটাও যে অত্যন্ত সদর্থক হতে পারে তাও মনে করছেন ওয়াকিবহাল মহলের একাংশ।

বাঁকুড়ায় ২৫ শয্যার সেফ হোম

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২০ মে ঃ করোনা মোকাবিলায় ইতিমধ্যেই একাধিক প্রশংসনীয় পদক্ষেপ গ্রহণ করেছে বাঁকুড়া পৌরসভা। এবার করোনা আক্রান্তদের জন্য ২৫ শয্যার সেফ হোম তৈরি হল বাঁকুড়ায়। বাঁকুড়া স্টেডিয়ামের গ্যালারির নিচের হল ঘরে তৈরি হলো এই ২৫ শয্যা বিশিষ্ট সেফ হোম। পৌর এলাকা থেকে আক্রান্ত রোগীদের মিলবে সকালের চা বিস্কুট থেকে তিনবেলা খাবার। বিনামূল্যে মিলবে অক্সিজেন পরিষেবা, ঔষধ সহ পৌরসভার চিকিৎসকদের নজরদারি। ইতিমধ্যে জেলায় এখনও পর্যন্ত যারা করোনা আক্রান্ত হয়েছেন তার মধ্যে সক্রিয় করোনা আক্রান্ত ৩০৭৬ জন। জেলার গ্রামাঞ্চলের তুলনার শহরের ঘিঞ্জিপনায় আক্রান্তের সংখ্যা বেশি। আক্রান্ত হলেও এলাকার কাছেই পরিবারের থেকে একটু আলাদা থেকে হোম আইসোলেশন থাকা সম্ভব হয়নি। এমন করোনা আক্রান্ত পরিবারের সদস্যদের জন্যই এবার বাঁকুড়া পৌরসভার তরফে ব্যবস্থা করা হল একটি পৃথক সেফ হোমের। পুরসভার তরফে পৌরসভার প্রশাসক বোর্ডের চেয়ারম্যান অলকা সেন মজুমদার জানান এই সেফ হোমে পুরুষদের জন্য আঠারোটি, মহিলাদের জন্য সাতটি মিলিয়ে মোট ২৫টি বেড থাকছে। অক্সিজেন সিলিন্ডার, রোগীদের চিকিৎসা করার জন্য পৌরসভার দুই চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের বিশেষ টিম ছাড়াও দেখাশোনার জন্য চারজন কোভিড ওয়ারিয়র নিয়োগ করেছে স্বাস্থ্য দপ্তর। সেফ হোমে প্রতিদিন রোগীদের খাবার ও ঔষধ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে পৌরসভার তরফে। সেফ হোমে থাকাকালীন কোন রোগীর শারীরিক অবস্থার অবনতি হলে সেক্ষেত্রে পৌরসভার তরফেই তাকে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ কোভিড ওয়ার্ডে অথবা ওন্দা কোভিড হাসপাতালে নিয়ে যাওয়ার ব্যবস্থা রাখা হচ্ছে। পাশাপাশি করোনা আক্রান্ত রোগীকে বাড়ি থেকে সেফ হোমে আনার ব্যাবস্থা পৌরসভার অ্যাম্বুলেন্সের মাধ্যমেই করা হবে বলে এদিন জানা যায়।

সিউড়িতে ই-পাস

দুরন্ত বার্তা, সিউড়ি, ২০ মে ঃ রাজ্যের প্রায় সর্বত্র উত্তরোত্তর করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের তরফ থেকে ১৬ মে থেকে ৩০ মে পর্যন্ত রাজ্যে কঠোর বিধি-নিষেধ জারি করা হয়েছে। এই বিধিনিষেধ পূর্ণ লকডাউন না হলেও তা প্রায় কার্যত লকডাউন। আর এই মত অবস্থায় বীরভূম জেলা পুলিশের তরফ থেকে জানানো হয়েছে, এই কঠোর বিধি-নিষেধ চলাকালীন জরুরী ভিত্তিতে যানবাহন অথবা নাগরিকদের চলাচলের জন্য লাগবে পাস। জরুরী ভিত্তিতে এক জায়গা থেকে অন্য জায়গা চলাচলের জন্য বীরভূম জেলা পুলিশের তরফ থেকে যে পাস নেওয়ার কথা বলা হয়েছে তাতে আবেদনকারীকে নিকটবর্তী থানায় আবেদন করতে হবে। আবেদন করার জন্য একটি নির্দিষ্ট ফরম্যাটের আবেদনপত্র দেওয়া হবে। যেখানে সমস্ত তথ্য পূরণ করে জমা দিতে হবে এবং নির্দিষ্ট থানা জরুরী ভিত্তিতে যানবাহন অথবা ওই ব্যক্তির চলাচলের জন্য অনুমতি দেবে। বীরভূম জেলা পুলিশের তরফ থেকে যে ফর্মে আবেদন পত্র দেওয়া হচ্ছে এই পাসের জন্য তাতে জানাতে হবে আবেদনকারীর নাম বা আবেদনকারী ব্যবসায়িক বা অন্য সংস্থার নাম, কোন তারিখ থেকে কোন তারিখ চলাচলের জন্য ছাড়পত্র চাইছেন, গাড়ির নম্বর, গাড়ি রেজিস্ট্রেশন নম্বর, গাড়ির চালকের নাম, কোথা থেকে কোথা যাত্রা করতে চাইছেন, যাত্রা করার কারণ এবং উপযুক্ত নথি। অফলাইন ছাড়াও অনলাইনেও এই আবেদন করা যাবে বলে জানানো হয়েছে বীরভূম জেলা পুলিশের তরফ থেকে।

বালুরঘাটে সিপিএমের শ্রমজীবী ক্যান্টিন

দুরন্ত বার্তা, বালুরঘাট, ২০ মে ঃ করোনা মোকাবিলায় গত বছর থেকে লকডাউন কথার সঙ্গে পরিচিত সাধারণ মানুষ। লকডাউনে কাজ হারিয়ে কর্মহীন হয়ে পড়েছিল বহু মানুষ। এবার করোনা মোকাবিলায় ফের একবার লকডাউন ঘোষণা করা হয়েছে। লকডাউনের ফলে এবারও বহু মানুষ কর্মহীন হয়ে পড়েছে। গত বছর লকডাউনে কর্মহীন মানুষের পাশে দাঁড়াতে একাধিক উদ্যোগ নিয়েছিল সিপিএম তথা বামফ্রন্ট। গত বছর কলকাতায় সিপিএমের পক্ষ থেকে খোলা হয়েছিল শ্রমজীবী ক্যান্টিন। এবার লকডাউনে দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে প্রথম শ্রমজীবী ক্যান্টিন চালু করল সিপিএম। বৃহস্পতিবার সকালে আনুষ্ঠানিকভাবে বালুরঘাট নারায়নপুর এলাকায় অবস্থিত সিপিএমের শ্রমিক সংগঠন সিআইটিইউ অফিস থেকে শ্রমজীবী ক্যান্টিনের শুভ সূচনা করা হয়। এদিন যার শুভসূচনা করেন সিপিএমের জেলা সম্পাদক নারায়ণ বিশ্বাস সহ অন্যান্য জেলা নেতৃত্বরা। প্রথম দিনই প্রায় ১০০ জনের বেশি অসহায় মানুষের মধ্যে খাবার তুলে দেওয়া হয়। এদিন মূলত ডিম ভাত তুলে দেওয়া হয় কর্মহীনদের হাতে। আগামী দিনে আরও বেশি মানুষের মধ্যে শ্রমজীবী ক্যান্টিন থেকে খাবার তুলে দেওয়া হবে বলে সিপিএমের পক্ষ থেকে জানানো হয়েছে। শুধুমাত্র বালুরঘাট নয়, আগামী দিনে দক্ষিণ দিনাজপুর জেলাজুড়ে এই কমসূচী নেওয়া হতে পারে বলেও জেলা সিপিএমের পক্ষ থেকে জানানো হয়েছে। এবিষয়ে সিপিএমের জেলা সম্পাদক নারায়ন বিশ্বাস জানান, লকডাউন এরমধ্যে কর্মহীন শ্রমজীবী মানুষের পাশে দাঁড়াতেই আজ থেকে বালুরঘাটে খোলা হল শ্রমজীবী ক্যান্টিন। প্রথম দিনেই প্রায় একশ'র বেশি শ্রমজীবী মানুষের হাতে খাবার তুলে দেওয়া হয়েছে। আগামী দিনে আরও বেশি সংখ্যক মানুষের হাতেই খাবার তুলে দেওয়া হবে। দলীয় কর্মীদের আর্থিক সহযোগিতায় এই শ্রমজীবী ক্যান্টিন খোলা হয়েছে। অন্যদিকে এবিষয়ে কর্মহীন মিন্টু বিশ্বাস জানান, পেশায় তিনি কুলির কাজ করেন। বর্তমানে পরিবহন ব্যবস্থা বন্ধ থাকায় কাজও বন্ধ রয়েছে। এমত অবস্থায় আজ শ্রমজীবী ক্যান্টিনে খাবার নিতে এসেছেন। তাঁদের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন তিনি।

ভারত সেবাশ্রম

দুরন্ত বার্তা, বোলপুর, ২০ মে ঃ বিপর্যয়ে মানুষের পাশে ভারত সেবাশ্রম সংঘ। বোলপুর সংলগ্ন মুলুক গ্রামে আশ্রম থেকে করোনা রোগী সহ দুঃস্থ মানুষের বাড়ি পৌঁছে দিচ্ছে দুবেলা খাবার। বিগত লকডাউনের সময় প্রতিদিন পনেরোশো মানুষের কাছে দুবেলা খাবার পৌঁছে দিয়েছেন তাঁরা। আশ্রমের নিজস্ব দুটি গাড়িতে করে বাড়ি বাড়ি খাবার পৌঁছে দেওয়া হচ্ছে সিয়ান মুলুক, রাইপুর, বোলপুর পুরসভা এলাকায়। আশ্রমের পক্ষ থেকে শান্তি মহারাজ জানান, শুধুমাত্র করোনা রোগ নয়, যাদের কাজ নেই, খবর পেলেই আমরা সেখানে খাবার নিয়ে হাজির হচ্ছি। গতবার ২০০তে শুরু করে ১৫০০তে শেষ হয়।

রোগী মৃত্যু ঘিরে উত্তপ্ত রায়গঞ্জ মেডিকেল কলেজ

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২০ মে ঃ রোগী মৃত্যুকে কেন্দ্র করে বৃহস্পতিবার উত্তেজনা ছড়াল রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে রায়গঞ্জ থানার অধীন খলসি গ্রামের বাসিন্দা রমেশ বৈশ্য (৫০) শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ে মেডিকেল কলেজে ও হাসপাতালে আসেন। জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে কোভিড ওয়ার্ডে পাঠিয়ে দেন। সেখানে একটি ইনজেকশন দেওয়ার পরই রমেশবাবুর মৃত্যু হয় বলে অভিযোগ। এতে ক্ষুব্ধ হয়ে ওঠেন মৃতের পরিবারের সদস্যরা। স্বাস্থ্যকর্মী ও নিরাপত্তারক্ষীদের সঙ্গে তাঁদের হাতাহাতি শুরু হয়। ঘটনাকে ঘিরে এদিন উত্তেজনা ছড়ায় হাসপাতাল ক্যাম্পাসে। পরে রায়গঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি সামাল দেয়। মৃতের ছেলে মিঠুন বৈশ্য বলেন, বাবার শ্বাসকষ্ট ছিল। সম্প্রতি তা বেড়ে গিয়েছিল। ১৫ মে মহারাজাহাট ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে লালার নমুনা পরীক্ষা করা হয়েছিল। রিপোর্ট নেগেটিভ আসে। এদিন সকালে বাবার প্রচন্ড শ্বাসকষ্ট হয়। তাঁকে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাই। জরুরি বিভাগের চিকিৎসক বাবাকে কোভিড ওয়ার্ডে পাঠিয়ে দেন। ১০ মিনিটের মধ্যে স্বাস্থ্যকর্মীরা খবর দেন বাবা মারা গিয়েছেন। মৃতের স্ত্রী ভারতী বৈশ্যের অভিযোগ, আমার স্বামীকে চিকিৎসক ও নার্সরা মেরে ফেলেছেন। তাই আমরা বিক্ষোভ দেখিয়েছি। কর্তব্যরত নার্স ও চিকিৎসকের বিরুদ্ধে রায়গঞ্জ থানায় অভিযোগ দায়ের করব। রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের সহকারী অধ্যক্ষ প্রিয়ঙ্কর রায় এ বিষয়ে কোনও মন্তব্য করতে চাননি। তবে মেডিকেল কলেজের নোডাল অফিসার বিপ্লব হালদার বলেন, চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীরা দিনরাত এক করে পরিষেবা দিয়ে চলেছেন। চিকিৎসকের বিরুদ্ধে মৃতের পরিবারের সদস্যরা যা অভিযোগ করছেন, তা ঠিক নয়। রায়গঞ্জ থানার তরফে জানানো হয়েছে, এখনও পর্যন্ত এবিষয়ে অভিযোগ দায়ের করা হয়নি। পুলিশ সুপার সুমিত কুমার বলেন, অপ্রীতিকর ঘটনা রুখতে হাসপাতাল চত্বরে পুলিশ মোতায়েন রয়েছে।

করোনা যোদ্ধাদের জন্য সহায়তা কেন্দ্র উদ্বোধন

দুরন্ত বার্তা, বর্ধমান, ২০ মে ঃ উপসর্গহীন কিংবা মৃদু উপসর্গ সহ স্থানীয় করোনা আক্রান্তদের চিকিৎসা, ভর্তি, সেফ হোম, অ্যাম্বুলেন্স পরিষেবা, অক্সিজেন সরবরাহ ইত্যাদি প্রতিটি বিষয়ে বিনা ব্যয়ে সুপরামর্শ দিয়ে হয়রানি লাঘবের উদ্দেশ্যে বর্ধমানের ১০ নং ওয়ার্ডের ৩ নং ইছলাবাদ এলাকার তরুণ সংঘ পাঠাগারে একটি সহায়তা কেন্দ্র উদ্বোধন করা হলো বৃহস্পতিবার। এদিন ওই সহায়তা কেন্দ্রের উদ্বোধন করেন বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস। বিধায়ক ছাড়াও ওই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহায়তা কেন্দ্রের মূল উদ্যোক্তা ওই ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর তথা বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজসেবী পরেশচন্দ্র সরকার, চিকিৎসক ডাঃ কিরন চন্দ্র দাস, পাঠাগারের সম্পাদক প্রদীপ দত্ত সহ অন্যান্যরা। এদিন বিধায়ক খোকন দাস বলেন, করোনা পরিস্থিতি দিন দিন উদ্বেগের কারন হয়ে দাঁড়াচ্ছে আমাদের কাছে। করোনা আক্রান্ত মানুষ প্রথমেই কি করবেন কি করবেন না তা বুঝতে পারছেন না। তাই তাদের সুপরামর্শ ও সহযোগিতার উদ্দেশ্যে এই সহায়তা কেন্দ্র এলাকার কোভিড-১৯ আক্রান্ত বাসিন্দাদের অনেক উপকার করবে। মানুষের এই কঠিন পরিস্থিতিতে তাদের পাশে দাঁড়াচ্ছে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন থেকে শুরু করে রাজনৈতিক দল কিম্বা ব্যক্তিগত উদ্যোগে। অযথা ভয় না পেয়ে শহরের বাসিন্দাদের কোভিড বিধি মেনে চলার এদিন আবেদনও জানান খোকনবাবু। সহায়তা কেন্দ্রের মূল উদ্যোক্তা পরেশ চন্দ্র সরকার জানান, করোনায় আক্রান্ত হয়ে ১০ নং ও তার পার্শ্ববর্তী ওয়ার্ডের মানুষজন যারা জীবন যুদ্ধে লড়াই করছেন তারা যাতে সুপরামর্শের মাধ্যমে একটু সুরাহা পেতে পারেন তার জন্য, সে অক্সিজেন সিলিন্ডারের জন্যেই হোক, ঔষধপত্রের জন্যেই হোক, কিংবা ভর্তির জন্যেই হোক, তাদের পাশে মানবিক মূল্যবোধের তাগিদে সহযোগিতার হাত বাড়ানোর উদ্দেশ্যেই এই সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। স্বর্গীয় তাপস সরকারের স্মৃতিতে আপৎকালীন এই পরিষেবায় প্রকৃত দুঃস্থ করোনা রোগীদের জন্য বিনামূল্যে ঔষধ ও খাদ্যের ব্যবস্থাও করা হবে বলে জানিয়েছেন পরেশবাবু। এদিন তিনি আরও জানান, আপাতত এটা কনসাল্টেন্সী হিসাবে চালু হলেও ওই পাঠাগারের দোতলায় যদি সেফ হোম করা যায় তার জন্য বর্ধমান পৌরসভাকে আবেদন জানানো হয়েছে। প্রতিদিন সন্ধ্যা ৬ টা থেকে রাত ৮ টা পর্যন্ত এই পরিষেবা পাওয়া যাবে। চিকিৎসা সংক্রান্ত পরামর্শ দেবেন ডাঃ কিরণ চন্দ্র দাস।

চালু দুয়ারে রেশন

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২০ মে ঃ রাজ্যে তৃতীয়বার ক্ষমতায় এলে দুয়ারে রেশন দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার রাজ্যে সরকার গঠনের পর মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি মতো এবার ঝাড়গ্রাম জেলায় দুয়ারে রেশন দেওয়ার প্রক্রিয়া চালু হল। বৃহস্পতিবার ঝাড়গ্রাম জেলার বিনপুর দুই ব্লকের সাতবাঁকি গ্রামে পরীক্ষা মূলক ভাবে চালু করা হয়। এদিন সাতবাঁকি গ্রামের ৩৫ টি পরিবারের হাতে রেশন তুলে দেন এলাকার রেশন ডিলার সাধন দন্ডপাট। এদিনের এই দুয়ারে রেশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খাদ্য দপ্তরের আধিকারিকরা। এদিন সকালে গ্রামের মানুষজনেরা নিজেদের কাজ নিয়ে ব্যস্ত ছিলেন। সেই সময় হঠাৎ করে গাড়িতে করে বস্তা বস্তা রেশনের সামগ্রী নিয়ে গ্রামে হাজির হয়ে যায়। এদিন বাড়িতে রেশন পৌঁছে দেওয়ায় স্বাভাবিক ভাবে খুশি এলাকার বাসিন্দারা। রেশন ডিলার সাধন দণ্ডপাট বলেন রাজ্য ও কেন্দ্র সরকারের দেওয়া রেশনের চাল গম আটা একমাসের দেওয়া হয়েছে। আগামী দিন এভাবেই প্রতিটি মানুষের বাড়িতে রেশন পৌঁছে দেওয়া হবে। এদিন বাড়ি বাড়ি রেশন পৌছে দেওয়ায় রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানান গ্রামের বাসিন্দারা। এবিষয়ে ঝাড়গ্রাম জেলা খাদ্য নিয়ামক মিঠুন দাস বলেন ঝাড়গ্রাম জেলায় প্রথম পরীক্ষামূলক ভাবে দুয়ারে রেশন চালু হল এদিন। পরবর্তীতে আমরা দেখছি পদ্ধতিগত দিক থেকে আরও উন্নত করা যায় কিনা।

সাসপেন্ড ডিলার

দুরন্ত বার্তা, বর্ধমান, ২০ মে ঃ পূর্ব বর্ধমান জেলার মেমারির ২নং ব্লকের বিজুর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বেনিগ্রাম এলাকায় রাতের অন্ধকারে রেশন সামগ্রী পাচার এবং বিক্রির অভিযোগে রেশন ডিলার জয়দেব মুখার্জীকে গ্রেফতার করল পুলিশ। বৃহস্পতিবার ধৃত জয়দেব মুখার্জীকে বর্ধমান আদালতে তোলে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, বুধবার মেমারি ২ ব্লকের ফুড ইন্সপেক্টর সুশান্ত সরকারের অভিযোগের ভিত্তিতে মেমারি থানার পুলিশ অভিযুক্ত জয়দেব মুখার্জীকে তাঁর বাড়ি থেকে গ্রেফতার করেছে। উল্লেখ্য, গত শনিবার রাতের অন্ধকারে রেশনের গম ও কেরোসিন পাচার করার সময় বেনিগ্রাম এলাকার মানুষ তা হাতেনাতে ধরে ফেলেন। তৃণমূল অভিযোগ তোলে, ধৃত জয়দেব মুখার্জী এলাকার বিজেপি নেতা। দীর্ঘদিন ধরেই তিনি রেশনের মাল পাচার করছিলেন। শনিবার এলাকার মানুষ তাঁকে হাতেনাতে ধরে। উদ্ধার হয় কয়েক বস্তা গম এবং কেরোসিন তেল। এরপরই তদন্তে নামে খাদ্য দফতর। তাঁর রেশন দোকান সিল করে দেওয়া হয়। অভিযুক্ত রেশন ডিলার জয়দেব মুখার্জীকে সাসপেন্ড করা হয়। পরিবর্তে ওই ডিলারের সঙ্গে যুক্ত গ্রাহকদের পার্শ্ববর্তী রেশন ডিলারের কাছ থেকে রেশন সামগ্রী দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পুলিশী সহায়তা

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২০ মে ঃ আলিপুরদুয়ার ২ নং ব্লকের শামুকতলা চৌপতি এলাকায় বৃহস্পতিবার পুলিশ সহায়তা কেন্দ্রের উদ্বোধন হল। করোনা সংক্রমন থেকে সাধারণ মানুষকে রক্ষার্থে পুলিশের পক্ষ থেকে এই সহায়তা শিবিরের ব্যবস্থা করা হয়েছে। উদ্বোধনে উপস্থিত ছিলেন, বিডিও চিরঞ্জিত সরকার, ওসি দীপঙ্কর সাহা।

Short Notice Inviting Quotation No.- 07/Q of 2021-22
Dated- 20.05.2021.

Sealed Quotation is invited by the Assistant Engineer, Arambagh Electrical Sub-Division, P.W.Dte. from experienced and resourceful contractors for the work. Details information of above work will be available in departmental website: **www.wbpwd.gov.in**

Sd/- Assistant Engineer,
P.W.Dte., Arambagh
Electrical Sub-Division
Govt. of West Bengal

Short Notice Inviting Quotation No.- 07/Q/ HESD-II of 2021-22
dated 20.05.2021.

Sealed Quotation is invited by the Assistant Engineer, Hooghly Electrical Sub-Division-II, P.W.Dte. from experienced and resourceful contractors for the work. Details information of above work will be available in departmental website: **www.wbpwd.gov.in**

Sd/- Assistant Engineer,
P.W.Dte., Hooghly
Electrical Sub Division-II
Govt. of West Bengal

Short Notice Inviting Quotation No.- 05/Q of 2021-22
dated 20.05.2021.

Sealed Quotation is invited by the Assistant Engineer, Serampore Electrical Sub-Division, P.W.Dte. from experienced and resourceful contractors for the work. Details information of above work will be available in departmental website: **www.wbpwd.gov.in**

Sd/- Assistant Engineer,
P.W.Dte., Serampore
Electrical Sub-Division
Govt. of West Bengal

The Assistant Engineer, PWD Hooghly Construction Sub Division No II, Arambagh, Hooghly invites **Tender vide NIQ No.-02/Sub-II of 2021-2022** from bonafied resourceful agency having technical and financial capability of performing the job. The details will be available in the office notice board and from office within office hour. Last date of application of NIQ-**31.05.2021.** Last date of submission of NIQ-**02.06.2021.**

Sd/- A. De
Assistant Engineer
(PWD), Hooghly
Construction Sub
Division No-II
Arambagh, Hooghly

NOTICE
LOSS OF SHARE CERTIFICATES

Notice is hereby given that we **YOGESH S DATE & SADHANA Y DATE** have lost the following share certificate of **Himadri Speciality Chemical Ltd (Formerly known as Himadri Chemicals & Industries limited)** and applying to the Company for issue of duplicate share certificate. Folio No.: D\03883, Certificate No. 0053924, Distinctive Nos 6146899-6146998 & No. of shares 100. The public is hereby warned against purchasing or dealing with the above share certificate in any way and any person(s) who has any claim in respect of these shares, must lodge such claim with the company at its Registered Office at 23A, Netaji Subhas Road, 8th Floor, Suite No 15, Kolkata 700 001, within 21 days from the date of this publication.

Place : Mumbai
Dated : 21 May 2021

Name of the share holders
Yogesh S Date & Sadhana Y Date

NOTICE INVITING QUOTATION
(N.I.Q. No.- 06 of 2021-22)

Name of work - " Urgent Electrical work in connection with COVID-19 & SARI wards in NBM-of BMC&H, Purba Bardhaman". Website: **www.wbpwd.gov.in** Last date of Permission is **upto 2 P.M on – 24.05.2021.** The Quotation will be received & all quotations will be opened **up to 4 PM. on 27.05.2021** thereafter in the presence of Quotationers willing to be present at that time.

Sd/- Assistant Engineer, P.W.D.
B.M.C. Electrical Sub-Division
Purba Bardhaman

NOTICE INVITING QUOTATION
(N.I.Q. No.- 05 of 2021-22)

Name of work - "Urgent Air- conditioning work at COVID & SARI wards in RRMB and NBM- 1 ST floor doctors rest room of BMC&H, Purba Bardhaman". Website: **www.wbpwd.gov.in** Last date of Permission is **upto 2 P.M on-24.05.2021.** The Quotation will be received & all quotations will be opened **up to 4 PM. on 27.05.2021** thereafter in the presence of Quotationers willing to be present at that time.

Sd/- Assistant Engineer, P.W.D.
B.M.C. Electrical Sub-Division
Purba Bardhaman

লিখামি কনসালন্টিং লিমিটেড
CIN : L45209WB1982PLC034804
রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, রুম নং. ১, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯
ই-মেলঃ info@likhamiconsulting.com, ওয়েবসাইট ঃ ww.likhamiconsulting.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভা অনুষ্ঠিত হইবে বৃহস্পতিবার, ২৭ মে, ২০২১ বেলা ১১.৩০ ঘটিকায় রেজিস্টার অফিসে ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, রুম নং. ১, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯, বিবেচনা এবং গ্রহণ অনিরীক্ষিত আর্থিক ফলাফল ৪র্থ ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২১ এবং অন্যান্য বিষয় সিদ্ধান্ত অনুসারে।
আরও, বানিজ্যিক জানালা অধীন সেবি (আভ্যন্তরীন বানিজ্যের বন্দোবস্ত) ধারা, ২০১৫ সঙ্গে পড়তে হবে কোড অফ কণ্ডাক্ট যা কোম্পানি দ্বারা সূচিত সমস্ত পদাধিকারী এবং তাদের অনুসারী কোম্পানির বন্ধ থাকবে ১ এপ্রিল, ২০২১ থেকে ২৯ মে, ২০২১ (উভয় দিন সহ) পর্যন্ত।
আর বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -(ww.likhamiconsulting.com) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com এবং www.cse-india.com)।

বোর্ডের আদেশানুসারে
লিখামি কনসালন্টিং লিমিটেড
বুলবুল অমিত ভানসালী
কোম্পানি সচিব ও
সহযোগী আধিকারিক
এম. নং. এ৩৩৬৪৬

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২০.০৫.২০২১

গোল্ডেন ক্রিস্ট এডুকেশান অ্যান্ড সার্ভিসেস লি.
CIN : L51109WB1982PLC035565
রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, সার্দান এভিনিউ, রুম নং. ২, ২য় ফ্লোর, কলকাতা-৭০০০২৯
ই-মেলঃ info@goldencrest.in, ওয়েবসাইটঃ www.goldencrest.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভা অনুষ্ঠিত হইবে বৃহস্পতিবার, ২৭ মে, ২০২১ বেলা ২.০০ ঘটিকায় রেজিস্টার অফিসে ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, সার্দান এভিনিউ, রুম নং. ২, ২য় ফ্লোর, কলকাতা-৭০০০২৯, বিবেচনা এবং গ্রহণ নিরীক্ষিত আর্থিক ফলাফল ৪র্থ ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২১ এবং অন্যান্য বিষয় সিদ্ধান্ত অনুসারে।
আরও, বানিজ্যিক জানালা অধীন সেবি (আভ্যন্তরীন বানিজ্যের বন্দোবস্ত) ধারা, ২০১৫ সঙ্গে পড়তে হবে কোড অফ কণ্ডাক্ট যা কোম্পানি দ্বারা সূচিত সমস্ত পদাধিকারী এবং তাদের অনুসারী কোম্পানির বন্ধ থাকবে ১ এপ্রিল, ২০২১ থেকে ২৯ মে, ২০২১ (উভয় দিন সহ) পর্যন্ত।
আর বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -(www.goldencrest.in) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com এবং www.cse-india.com)।

বোর্ডের আদেশানুসারে
গোল্ডেন ক্রিস্ট এডুকেশান
অ্যান্ড সার্ভিসেস লিমিটেড
প্রদীপ সোনি
কোম্পানি সচিব ও
সহযোগী আধিকারিক

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২০.০৫.২০২১

মাভেন্স বায়োটেক লিমিটেড
CIN : L17297WB1981PLC034226
রেজি. অফিস ঃ রুম নং. ৪০৭, ৪ র্থ ফ্লোর, পারমিসিস নং. ৪, ক্লাইভ রো, কলকাতা-৭০০০০১
ই-মেলঃ investors@mavensbiotech.com, ওয়েবসাইটঃ www.mavensbiotech.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভা অনুষ্ঠিত হইবে সোমবার, ৩১ মে, ২০২১ বেলা ০১.৩০ ঘটিকায় রেজিস্টার অফিসে রুম নং. ৪০৭, ৪র্থ ফ্লোর, পারমিসিস নং. ৪, ক্লাইভ রো, কলকাতা-৭০০০০১, বিবেচনা এবং গ্রহণ অনিরীক্ষিত আর্থিক ফলাফল ৪ র্থ ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২১ এবং অন্যান্য বিষয় সিদ্ধান্ত অনুসারে।
আরও, বানিজ্যিক জানালা কোম্পানির নিরাপত্তা লেনদেনের জন্য বন্ধ হয়েছে নির্দিষ্ট ব্যক্তিদের জন্য যা কোড অফ কন্ডাক্ট অধীন এবং বন্ধ থাকবে ১ এপ্রিল, ২০২১ থেকে ২ জুন, ২০২১ (উভয় দিন সহ) পর্যন্ত ।
আর বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -(www.mavensbiotech.com) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.cse-india.com)।

বোর্ডের আদেশানুসারে
মাভেন্স বায়োটেক লিমিটেড
কুলদীপ দোশী
সর্বক্ষণের পরিচালক
(DIN : 07116760)

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২০.০৫.২০২১

আদিনাথ বায়ো-ল্যাবস লিমিটেড
CIN : L24230WB1982PLC034492
রেজি. অফিস ঃ ৪, নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১
ই-মেলঃ investors@adinathbio.com, ওয়েবসাইটঃ www.adinathbio.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভা অনুষ্ঠিত হইবে সোমবার, ৩১ মে, ২০২১ বেলা ১১.০০ ঘটিকায় রেজিস্টার অফিসে ৪ এন.এস. রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১, বিবেচনা এবং গ্রহণ নিরীক্ষিত আর্থিক ফলাফল ৪র্থ ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২১ এবং অন্যান্য বিষয় সিদ্ধান্ত অনুসারে।
আরও, বানিজ্যিক জানালা অধীন সেবি (আভ্যন্তরীন বানিজ্যের বন্দোবস্ত) ধারা, ২০১৫ সঙ্গে পড়তে হবে কোড অফ কণ্ডাক্ট যা কোম্পানি দ্বারা সূচিত সমস্ত পদাধিকারী এবং তাদের অনুসারী কোম্পানির ইতিমধ্যে বন্ধ হয়েছে ০১.০৪.২০২১ এবং বন্ধ থাকবে ০২.০৬.২০২১ (উভয় দিন সহ) পর্যন্ত উল্লেখিত ফলাফল ঘোষনার জন্য।
আর বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -(www.adinathbio.com) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.cse-india.com)।

বোর্ডের আদেশানুসারে
আদিনাথ বায়ো-ল্যাবস লিমিটেড
কিষান সিং
সর্বক্ষণের পরিচালক
(DIN : 07526266)

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২০.০৫.২০২১

শ্রী তুলসী অনলাইন.কম লিমিটেড
CIN : L99999WB1982PLC035576
রেজি. অফিস ঃ ৪, নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১
ই-মেলঃ investors@shreetulsionline.com, ওয়েবসাইটঃ www.shreetulsionline.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভা অনুষ্ঠিত হইবে শুক্রবার, ২৮ মে, ২০২১ বেলা ১.৩০ ঘটিকায় রেজিস্টার অফিসে ৪, এন.এস. রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১, বিবেচনা এবং গ্রহণ নিরীক্ষিত আর্থিক ফলাফল ৪র্থ ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২১ এবং অন্যান্য বিষয় সিদ্ধান্ত অনুসারে।
আরও, বানিজ্যিক জানালা অধীন সেবি (আভ্যন্তরীন বানিজ্যের বন্দোবস্ত) ধারা, ২০১৫ সঙ্গে পড়তে হবে কোড অফ কণ্ডাক্ট যা কোম্পানি দ্বারা সূচিত সমস্ত পদাধিকারী এবং তাদের অনুসারী কোম্পানির ইতিমধ্যে বন্ধ হয়েছে ০১ এপ্রিল, ২০২১ এবং বন্ধ থাকবে ৩০ মে, ২০২১ (উভয় দিন সহ) পর্যন্ত উল্লেখিত ফলাফল ঘোষনার জন্য।
আর বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -(www.shreetulsionline.com) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com, www.msei.in এবং www.cse-india.com)।

বোর্ডের আদেশানুসারে
শ্রী তুলসী অনলাইন.কম লিমিটেড
বিনোদ কুমার বোথরা
সর্বক্ষণের পরিচালক
(DIN : 00780848)

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২০.০৫.২০২১

টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড
CIN : L63040WB1986PLC040796
রেজি. অফিস ঃ ৪, নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১
ই-মেলঃ complianceofficer@tspritualworld.com, ওয়েবসাইটঃ www.tspritualworld.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে অনুসারী ধারা ২৯ সঙ্গে পড়তে হবে ধারা ৪৭ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের সভা অনুষ্ঠিত হইবে শুক্রবার, ২৮ মে, ২০২১ বেলা ১১.০০ ঘটিকায় রেজিস্টার অফিসে ৪, এন.এস. রোড, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০০১, বিবেচনা এবং গ্রহণ নিরীক্ষিত আর্থিক ফলাফল ৪র্থ ত্রৈমাসিক এবং বছর শেষে ৩১ মার্চ, ২০২১ এবং অন্যান্য বিষয় সিদ্ধান্ত অনুসারে।
আরও, বানিজ্যিক জানালা অধীন সেবি (আভ্যন্তরীন বানিজ্যের বন্দোবস্ত) ধারা, ২০১৫ সঙ্গে পড়তে হবে কোড অফ কণ্ডাক্ট যা কোম্পানি দ্বারা সূচিত সমস্ত পদাধিকারী এবং তাদের অনুসারী কোম্পানির বন্ধ থাকবে ১ এপ্রিল, ২০২১ থেকে ৩০ মে, ২০২১ (উভয় দিন সহ) পর্যন্ত ।
আর বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে -(www.tspritualworld.com) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com এবং www.cse-india.com)।

বোর্ডের আদেশানুসারে
টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড
হনুমানমল এইচ. সিংঘি
সর্বক্ষণের পরিচালক
(DIN : 06398451)

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৫.০৫.২০২১

উত্তর রেলওয়ে

সংশোধনী

নং. সিআইআর্ডি / এসএলআর / টেন্ডার / ২০২০ (পার্ট-৫)

রেফা. ঃ টেন্ডার প্রকাশের তারিখ ১১.০৫.২০২১ এবং খোলার তারিখ ২৪.০৫.২০২১

সমস্ত সংযুক্তদের অবগত করানো যায় যে, দিল্লি সরকারের তরফে জারি করা লকডাউনের কারণে, বিভিন্ন ইংরেজি ও হিন্দি সংবাদপত্রে প্রকাশিত বিশেষ ট্রেনের এসএলআর জায়গার দ্বায়িত্ব দেওয়ার জন্য টেন্ডার, যা আইআরইপিএস পোর্টালে-**www.ireps.gov.in** মাধ্যমে **২৪.০৫.২০২১ তারিখে খোলার কথা ছিল তা স্থগিত করা হয়েছে** ও তা খোলা হবে **০২.০৬.২০২১ তারিখ বেলা ১৫.০০ ঘটিকায়। এছাড়াও টেন্ডারে ক্রম সংখ্যা ২,৩,৪,৫ ও ৬ প্রশাসনিক কারণে অপ্রাপ্তির ফলে তা প্রত্যাহার করা হচ্ছে।**

সংখ্যা	ট্রেন নং.	থেকে	পর্যন্ত	কামরা	টেন্ডার নং.
২	০৪৭৩৯	ডিইই	বিকেএন	এফ১	এসএলআর-এফ১-০৪৭৩৯-এপ্রিল ২১
৩	০৪৭৩৯	ডিইই	বিকেএন	আর১	এসএলআর-আর১-০৪৭৩৯-এপ্রিল ২১
৪	০৪০২১	ডিইই	জেপি	এফ১	এসএলআর-এফ১-০৪০২১-এপ্রিল ২১
৫	০৪০২১	ডিইই	জেপি	এফ২	এসএলআর-এফ২-০৪০২১-এপ্রিল ২১
৬	০৪০২১	ডিইই	জেপি	আর১	এসএলআর-আর১-০৪০২১-এপ্রিল ২১

অন্যান্য তথ্য অপরিবর্তিত থাকবে। **1082/2021**

প্রসন্ন চিত্তে গ্রাহক পরিষেবায়